**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# প্রকল্পের চূড়ান্ত পর্যায়ের পদক্ষেপ গ্রহণ সম্পন্ন হয়ে যাওয়ায় 9.5 বিলিয়ন ডলারের JFK বিমানবন্দরের নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ এই গ্রীষ্মে শুরু হতে যাচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***আজ ফিন্যান্সিয়াল ক্লোজারের মধ্য দিয়ে প্রকল্পটির প্রথম ধাপের জন্য আবশ্যক অর্থায়নের ব্যবস্থা অনুমোদিত হয়েছে***

***ডিসেম্বর মাসে পোর্ট অথরিটির বোর্ড অব কমিশনার্স লিজ অনুমোদন করেছিল***

***নতুন টার্মিনাল ওয়ান ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের কাছ থেকে পরিবেশ সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন লাভ করেছে***

***পোর্ট অথরিটির বোর্ড অব কমিশনার্স নতুন টার্মিনাল ওয়ানে একজন প্রধান বিনিয়োগকারী অনুমোদন করেছে***

***কাজ সম্পন্ন হয়ে গেলে এটি হবে JFK বিমানবন্দরের সর্ববৃহৎ টার্মিনাল এবং নির্মাণকাজের সাথে সম্পর্কিত 6,000 কর্মসংস্থান সহ মোট 10,000 কর্মসংস্থান তৈরি করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে, প্রকল্পের প্রথম ধাপের জন্য আজ অর্থায়ন অনুমোদিত হওয়া সহ, প্রকল্পের জন্য আর্থিক ও পরিবেশ বিষয়ক অনুমোদন প্রাপ্তির পর, JFK বিমানবন্দরের 9.5 বিলিয়ন ডলারের নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ এই গ্রীষ্মে শুরু হতে যাচ্ছে।

"JFK-তে এই সর্বাধুনিক নতুন টার্মিনাল নির্মাণ নিউ ইয়র্কের একটি নতুন যুগের সূচনা করার জন্য আমাদের রূপকল্পের চাবিকাঠি," **বলেছেন গভর্নর হোকল।** "এই রূপান্তরমূলক প্রকল্প পূর্ণ গতিতে সামনের দিকে এগিয়ে যাচ্ছে এবং নির্মাণকাজ সম্পন্ন হয়ে যাওয়ার পর এটি নিউ ইয়র্কের নজিরবিহীন সম্ভাবনার মডেল হিসেবে কাজ করা যাত্রী অভিজ্ঞতা প্রদান করবে। এই প্রকল্প সম্ভব করে তুলতে যারা কয়েক বছর ধরে কঠোর পরিশ্রম করেছেন তাদের সবাইকে জানাই অভিনন্দন ও ধন্যবাদ।"

ডিসেম্বর মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে পোর্ট অথরিটির (Port Authority) বোর্ড অব কমিশনার্স JFK বিমানবন্দরের দক্ষিণ পাশের নোঙ্গর হিসেবে কাজ করবে এমন একটি বিশ্বমানের টার্মিনাল নির্মাণের জন্য নতুন টার্মিনাল ওয়ান কনসোর্টিয়ামের সঙ্গে একটি চুক্তি অনুমোদন করেছে। গত সপ্তাহে পোর্ট অথরিটির বোর্ড এই প্রকল্পে একটি নতুন প্রধান বিনিয়োগকারীকে অনুমোদন দিয়েছে। বিশ্বমানের টার্মিনাল নির্মাণের অভিজ্ঞতা সম্পন্ন একটি বৈশ্বিক এয়ারপোর্ট অপারেটর, ফেরোভিয়াল (Ferrovial), সর্বাধুনিক টার্মিনালটির নকশা প্রণয়ন, নির্মাণ ও কার্যপরিচালনার জন্য নির্বাচিত হওয়া কনসোর্টিয়াম, নতুন টার্মিনাল ওয়ান-এ দ্য কার্লাইল গ্লোবাল ইনফ্রাস্ট্রাকচার ফান্ড (The Carlyle Global Infrastructure Fund)-এর 51 শতাংশ শেয়ারের 96 শতাংশ অধিগ্রহণ করবে।

গভর্নর হোকল, পোর্ট অথরিটি ও ডেল্টা এয়ারলাইন্স (Delta Air Lines) কর্তৃক লা গার্ডিয়া বিমানবন্দরে একটি নতুন টার্মিনাল সি চালুর মধ্য দিয়ে একটি সম্পূর্ণ নতুন লা গার্ডিয়া নির্মাণের উল্লেখযোগ্য অংশ সমাপ্ত হওয়া উদযাপনের মাত্র 10 দিন পরেই নতুন টার্মিনাল ওয়ানের নির্মাণকাজ এই গ্রীষ্মে শুরু হবে এই ঘোষণা দেওয়া হলো।

**পোর্ট অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন**, "JFK বিমানবন্দরে নতুন টার্মিনাল ওয়ান প্রকল্পের প্রথম ধাপের জন্য আজ অর্থায়ন অনুমোদিত হওয়াটা একটি ঐতিহাসিক মুহূর্ত যেটি অর্জন করতে পাঁচ বছর সময় লেগেছে। বিশ্বমানের, শীর্ষস্থানীয় একটি টার্মিনাল নির্মাণের জন্য ফেরোভিয়াল, JLC ইনফ্রাস্ট্রাকচার গ্রুপ (JLC Infrastructure Group), উলিকো (Ullico), ও কার্লাইলের সঙ্গে অংশীদার হয়ে কাজ করার জন্য আমরা আগ্রহ নিয়ে অপেক্ষা করছি, যা JFK-এর সর্ববৃহৎ আন্তর্জাতিক টার্মিনাল হতে যাচ্ছে এবং যেখানে হওয়া 9 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ এই অঞ্চলের পুনরুদ্ধার প্রচেষ্টা এগিয়ে নিতে সাহায্য করবে। আমরা নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকল, যুক্তরাষ্ট্রের সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা চাক স্কুমার, যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগের (Department of Transportation) ডেপুটি সেক্রেটারি পলি ট্রটেনবার্গ, যুক্তরাষ্ট্রের কংগ্রেসম্যান গ্রেগরি মিক্স, কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ড, এবং রিজিয়ন 2 ও JFK বিমানবন্দরে ওয়াশিংটনে ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (Federal Aviation Administration)-এর নেতৃবৃন্দ ও কর্মীদের ধন্যবাদ জানাতে চাই। তাদের সহায়তা ছাড়া আজ এই গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য আর্থিক অনুমোদন প্রাপ্তির কাজ সম্পন্ন হওয়া সম্ভব হতো না।"

**পোর্ট অথরিটির চেয়ারম্যান কেভিন ও'টুলি বলেন,** "নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের উল্লেখযোগ্য পর্যায়ের কাজ সমাপ্ত হওয়া এবং নিউআর্ক লিবার্টি বিমানবন্দরের নতুন টার্মিনাল এ-এর কাজ সমাপ্তির কাছাকাছি পৌঁছে যাওয়ার এই সময়ে, JFK-তে নতুন টার্মিনাল ওয়ান প্রকল্পের কাজ সামনে এগিয়ে নেওয়া সম্পর্কে আজকের ঘোষণা আমাদের অঞ্চলের জন্য বিশ্বমানের বিমানবন্দর তৈরি করতে পোর্ট অথরিটির অঙ্গীকারাবদ্ধতার আরো একটি প্রমাণ। আমাদের বেসরকারি অংশীদারদের নজিরবিহীন মাত্রায় বিনিয়োগ আমাদের অঞ্চলের ভবিষ্যতের প্রতি এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করবে এমন অসাধারণ প্রকল্পগুলোর দায়িত্ব গ্রহণ করা ও প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য আমাদের সক্ষমতার প্রতি আস্থার একটি নিদর্শন।"

JFK-এর নতুন টার্মিনাল ওয়ান বর্তমানে টার্মিনাল 1, টার্মিনাল 2 এবং সাবেক টার্মিনাল 3-এর দখল করে রাখা জায়গার উপর নির্মিত হবে, যে অবস্থানে এটি JFK-এর দক্ষিণ পাশের নোঙ্গর হিসেবে ভূমিকা রাখবে। 2.4 মিলিয়ন বর্গফুট জায়গা নিয়ে অবস্থিত এই নতুন টার্মিনালের নির্মাণকাজ সম্পন্ন হয়ে যাওয়ার পর এটি JFK-এর সর্ববৃহৎ টার্মিনালে পরিণত হবে - যা আকারের দিক থেকে নতুন লা গার্ডিয়া বিমানবন্দরের দুইটি নতুন টার্মিনালের সম্মিলিত আকারের প্রায় সমান। নতুন টার্মিনালটির নির্মাণকাজ কয়েকটি ধাপে সম্পন্ন হবে। প্রথম ধাপে, নতুন অ্যারাইভাল ও ডিপারচার হলগুলো এবং নতুন গেটগুলোর প্রথম সেট 2026 সালে চালু হবে বলে আশা করা হচ্ছে।

2030 সালে তিনটি ধাপের সবকটি সম্পন্ন হয়ে যাওয়ার পর, নতুন টার্মিনাল ওয়ানে 23টি গেটের পাশাপাশি গ্রাহকদের অভিজ্ঞতা সমৃদ্ধ করতে এবং বিশ্বের সর্বোচ্চ-মানের এয়ারপোর্ট টার্মিনালগুলোর সঙ্গে প্রতিযোগিতা করার মতো নকশা নিয়ে নির্মিত উজ্জ্বল ও বায়ু চলাচলপূর্ণ চেক-ইন হল ও অ্যারাইভাল স্পেস থাকবে। গ্রাহকরা বিশ্বমানের, নিউ ইয়র্ক অনুপ্রাণিত খাওয়াদাওয়া এবং খুচরা সুযোগসুবিধা, এবং একইসাথে লাউঞ্জের স্থান, একটি ইনডোর সবুজ স্থান এবং পরিবারবান্ধব সুযোগসুবিধা উপভোগ করবেন। নতুন টার্মিনাল এক টেকসই হওয়া ও নিরাপত্তা, উভয় ক্ষেত্রে সর্বশেষ অগ্রগতিকে অন্তর্ভুক্ত করবে এবং এখানে নিউইয়র্কের অনন্য চেতনা যুক্ত করা হবে।

**ফেরোভিয়াল এয়ারপোর্টস-এর চিফ এক্সিকিউটিভ অফিসার লুকা বুগেজা বলেন**, "জন এফ. কেনেডি বিমানবন্দরে একটি বিশ্বমানের এয়ারপোর্ট টার্মিনাল নির্মাণের জন্য NYNJ-এর পোর্ট অথরিটি, JLC ইনফ্রাস্ট্রাকচার, উলিকো, ও কার্লাইল-এর সঙ্গে অংশীদার হতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। এই রূপান্তরমূলক প্রকল্প ভ্রমণকারীদের আনন্দিত করবে এবং বিশ্বের অন্যতম সবচেয়ে জনপ্রিয় ও গুরুত্বপূর্ণ গন্তব্যস্থল এবং যুক্তরাষ্ট্রে যাওয়া-আসার গেটওয়ে এলাকার কমিউনিটির জন্য কাঙ্ক্ষিত সুফল পৌঁছে দিবে।"

**নতুন টার্মিনাল ওয়ানের প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার ড. জেরার্ড পি. বুশেল বলেন,** "নতুন টার্মিনাল ওয়ান কনসোর্টিয়ামে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে ফেরোভিয়ালকে স্বাগত জানাতে পেরে আমি উচ্ছসিত। ফেরোভিয়াল একটি অতি গুরুত্বপূর্ণ অংশীদার যেটি একটি বিশ্বমানের এয়ারপোর্ট ডেভেলপার ও অপারেটর হিসেবে ব্যাপক অভিজ্ঞতা নিয়ে আসছে যা এই প্রকল্পের মধ্য দিয়ে অবকাঠামোগত প্রকল্পগুলোর প্রভাব কতটা বিস্তৃত হতে পারে সে সম্ভাবনা সম্প্রসারণের ক্ষেত্রে প্রকল্পটির সক্ষমতাকে আরো সামনে এগিয়ে নিয়ে যাবে। MWBE-এর অংশগ্রহণ থেকে শুরু করে স্থানীয় কর্মীদলের উন্নয়ন থেকে স্থায়িত্ব বৃদ্ধি পর্যন্ত নতুন টার্মিনাল ওয়ান প্রকল্প ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি বিস্তৃত প্রভাব রেখে যাবে।"

নতুন টার্মিনাল ওয়ান বিমানবন্দরটির রূপান্তরের অন্য তিনটি প্রধান উপাদানের নির্মাণকাজ এগিয়ে যাওয়ার গতির সঙ্গে যোগ হচ্ছে। বিমানবন্দরের উত্তর পাশে JFK মিলেনিয়াম পার্টনার্স (JFK Millennium Partners) কর্তৃক 3.9 বিলিয়ন ডলারের সর্বাধুনিক নতুন টার্মিনাল 6 নির্মিত হতে যাচ্ছে, যা জেটব্লু (JetBlue)-এর বিদ্যমান টার্মিনাল 5-এর সঙ্গে সাবলীল সংযোগ স্থাপন করবে এবং এটি পোর্ট অথরিটির বোর্ড অব কমিশনার্স কর্তৃক আগস্ট মাসে অনুমোদিত হয়েছে, এবং এবছরের শেষ নাগাদ নির্মাণকাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে। ডেল্টা এবং JFK আন্তর্জাতিক

বিমান টার্মিনাল এর নেতৃত্বে 1.5 বিলিয়ন ডলারের টার্মিনাল 4 সম্প্রসারণের কাজ গত বসন্তে অনুমোদিত হয়েছে এবং বর্তমানে নির্মাণকাজ চলমান রয়েছে। উপরন্তু, 2019 সালের ডিসেম্বর মাসে 425 মিলিয়ন মার্কিন ডলারের JFK টার্মিনাল 8-র সম্প্রসারণ কাজ শুরু হয়, যার নেতৃত্ব দিচ্ছে আমেরিকান এয়ারলাইন্স (American Airlines), যারা টার্মিনালটি পরিচালনা করে, এবং ব্রিটিশ এয়ারওয়েজ (British Airways), যারা টার্মিনাল 7 থেকে টার্মিনাল 8-এ চলে আসবে, টার্মিনাল 7 নতুন টার্মিনাল 6 কে স্থান প্রদান করার জন্য ভেঙ্গে ফেলা হবে।

সম্মিলিতভাবে, এসব প্রকল্প JFK ইন্টারন্যাশনালের 18 বিলিয়ন ডলারের রূপান্তরমূলক কাজ এবং একটি অসাধারণ সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে। পোর্ট অথরিটির 2.9 বিলিয়ন ডলারের বিনিয়োগ, সম্পূর্ণ JFK সংস্কার কর্মসূচির আওতাধীন চারটি প্রকল্পের জন্য 15 বিলিয়ন ডলারেরও বেশি সম্পূর্ণ বেসরকারি বিনিয়োগের অঙ্গীকারের কথা বিবেচনা করলে, পাঁচগুণেরও বেশি অনুপাতে বেসরকারি বিনিয়োগকে কাজে লাগাচ্ছে।

নতুন টার্মিনাল ওয়ান নির্মাণ প্রকল্প নির্মাণকাজ সংক্রান্ত 6,000 কর্মসংস্থান সহ কমপক্ষে 10,000 কর্মসংস্থান তৈরি করবে। এছাড়াও ফেরোভিয়াল এবং নতুন টার্মিনাল ওয়ানে এর অংশীদাররা সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর 30 শতাংশ অংশগ্রহণ এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নের প্রতি জোরালো মনোযোগ দেওয়ার জন্য পোর্ট অথরিটির লক্ষ্যের প্রতি অঙ্গীকারাবদ্ধ রয়েছে।

ফেরোভিয়াল 1998 সাল থেকে এভিয়েশন শিল্পের অংশ হয়ে আছে এবং এর রয়েছে যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ও চিলি সহ বিশ্বজুড়ে 33টি বিমানবন্দরে বিনিয়োগ, উন্নয়ন ও কার্যক্রম পরিচালনা সম্পন্ন করার 20 বছরেরও বেশি অভিজ্ঞতা। বর্তমানে যুক্তরাজ্যে এটির চারটি বিমানবন্দর রয়েছে। হিথরো বিমানবন্দরে 25 শতাংশ শেয়ার নিয়ে এটি বিমানবন্দরটির মূল শেয়ার হোল্ডার ও শিল্পখাতের অংশীদারের ভূমিকা পালন করছে, এবং এটি গ্লাসগো, অ্যাবার্ডিন, ও সাউথহ্যাম্পটন বিমানবন্দরের 50 শতাংশের মালিক। এছাড়া YDA গ্রুপের (YDA Group) কাছ থেকে তুরস্কের ডালামান আন্তর্জাতিক বিমানবন্দরের 60 শতাংশ শেয়ার অধিগ্রহণ সম্পন্ন করার প্রক্রিয়াও সমাপ্ত হতে যাচ্ছে।

ফেরোভিয়ালের রয়েছে এভিয়েশন ও ভ্রমণ সম্পর্কে গভীর অনুধাবন এবং অংশীদারদের, স্থানীয় নেতৃবৃন্দ, ও কমিউনিটির সঙ্গে উৎপাদনমুখী সম্পর্ক গড়ে তোলার একটি শক্তিশালী ট্র্যাক রেকর্ড। ফেরোভিয়াল এখন পর্যন্ত NTO ও পোর্ট অথরিটির সম্পন্ন করা অসাধারণ কাজের সঙ্গে যুক্ত হয়ে পরিপূরক ভূমিকা রাখবে। কোম্পানিটি 1998 সাল থেকে এভিয়েশন শিল্পের অংশ হয়ে আছে এবং এর রয়েছে যুক্তরাষ্ট্র, ইউরোপ, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, ও চিলি সহ বিশ্বজুড়ে 33টি বিমানবন্দরে বিনিয়োগ, উন্নয়ন ও কার্যক্রম পরিচালনা সম্পন্ন করার 20 বছরেরও বেশি অভিজ্ঞতা।

বর্তমানে যুক্তরাজ্যে ফেরোভিয়ালের চারটি বিমানবন্দর রয়েছে। হিথরো বিমানবন্দরে 25 শতাংশ শেয়ার নিয়ে এটি বিমানবন্দরটির মূল শেয়ার হোল্ডার ও শিল্পখাতের অংশীদারের ভূমিকা পালন করছে, এবং এটি গ্লাসগো, অ্যাবার্ডিন, ও সাউথহ্যাম্পটন বিমানবন্দরের 50 শতাংশের মালিক। 2020 সালে eVTOL (ইলেক্ট্রিক ভার্টিক্যাল টেক-অফ ও ল্যান্ডিং) এয়ারক্র্যাফটের কার্যক্রম

পরিচালনার জন্য আবশ্যক অবকাঠামোর নকশা প্রণয়ন, নির্মাণ ও কার্যপরিচালনার উদ্দেশ্যে ফেরোভিয়াল এয়ারপোর্টস ফেরোভিয়াল ভার্টিপোর্টস ব্যবসা প্রতিষ্ঠা করে। এছাড়া ফেরোভিয়াল এয়ারপোর্টসের YDA গ্রুপের (YDA Group) কাছ থেকে তুরস্কের ডালামান আন্তর্জাতিক বিমানবন্দরের 60 শতাংশ শেয়ার অধিগ্রহণ সম্পন্ন করার প্রক্রিয়াও সমাপ্ত হতে যাচ্ছে।

## স্থানীয় কমিউনিটির সাথে অত্যন্ত নিকটভাবে জড়িয়ে JFK বিমানবন্দরের পুনঃউন্নয়ন করা

2018 সালে, JFK পুনঃউন্নয়ন কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল গঠিত হয়। যুক্তরাষ্ট্রের রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিক্স এবং কুইন্স বরোর প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস এতে সহ-সভাপতি হিসেবে রয়েছেন, এবং এটি সাউথইস্ট কুইন্স, সাউথওয়েস্ট কুইন্স, রকএওয়ে, এবং নাসাউ কাউন্টির পশ্চিম অংশের টার্গেটকৃত স্থানীয় কমিউনিটিগুলোর নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি বোর্ড, ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা, নাগরিক সংগঠন, এবং ক্লার্গি লিডারদের নিয়ে গঠন করা হয়েছে।

শুরুর সময় থেকেই, কাউন্সিলটি কমিউনিটি পর্যায়ে প্রচার প্রচেষ্টা সম্প্রসারণ করতে এবং কমিউনিটি-কেন্দ্রিক কর্মসূচি উন্নয়ন করতে পোর্ট অথরিটির সঙ্গে কাজ করে আসছে, যা এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্প যাতে স্থানীয় স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত গ্রহণ করে এবং স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, MWBE, শিক্ষার্থী, ও চাকরি প্রত্যাশীদের জন্য অর্থপূর্ণ সুযোগ প্রদান করে সে বিষয়টি নিশ্চিত করে।

প্রতিটি কাজের বিভাগে 30 শতাংশ সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (MWBE) চুক্তির লক্ষ্যে গভর্নর দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবার প্রতিশ্রুতি সহ অগ্রসর হওয়ার পরিকল্পনা করবে এবং JFK রিডেভেলপমেন্ট প্রোগ্রাম, টার্মিনাল প্রকল্প সমেত স্থানীয় ব্যবসা-বাণিজ্যের সুযোগসুবিধার উপর বিশেষ মনোযোগ দেবে, যেটি সম্পূর্ণ প্রজেক্ট-লেবর চুক্তির মাধ্যমে শ্রমিক ইউনিয়ন তৈরি করবে। কাউন্সিল কর্তৃক অগ্রাধিকার দেওয়া অন্য কমিউনিটি উন্নয়ন উদ্যোগগুলো স্থানীয় বাসিন্দাদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি ও কর্মীদের উন্নয়ন, ক্ষুদ্র ব্যবসাগুলোর প্রসার ও উন্নয়ন, এবং স্থানীয় শিক্ষার্থীদের জন্য শিক্ষামূলক কর্মসূচির মতো বিষয়গুলোর উপর জোর দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418